রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৬, ২০২৩

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৩ চৈত্র, ১৪২৯ মোতাবেক ০৬ এপ্রিল, ২০২৩

নিম্নলিখিত বিলটি ২৩ চৈত্র, ১৪২৯ মোতাবেক ০৬ এপ্রিল, ২০২৩ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ০৭/২০২৩

## Bangladesh Biman Order, 1972 সংশোধনসহ পুনর্বহাল করিবার উদ্দেশ্যে আনীত বিল

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারীকৃত অধ্যাদেশসমূহের, অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ৩ক ও ১৮ অনুচ্ছেদ বিলুপ্ত হয় এবং সিভিল পিটিশন ফর লীভ টু আপিল নং ১০৪৪-১০৪৫/২০০৯ এ সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল পর্যন্ত সময়ের মধ্যে Bangladesh Biman Corporation Ordinance, 1977 (Ordinance No. XIX of 1977) প্রণয়ন ও জারি করা হইয়াছিল; এবং

যেহেতু Bangladesh Biman Corporation Ordinance, 1977 দ্বারা জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে প্রণীত Bangladesh Biman Order, 1972 (P.O. No. 126 of 1972) রহিত করা হইয়াছিল; এবং


মূল্য : টাকা ৮.০০

যেহেতু স্বাধিকার আদায়ের আন্দোলন ও মুক্তি সংগ্রামের মাধ্যমে লব্ধ স্বাধীনতার লক্ষ্যমূলে থাকে রাষ্ট্রদর্শন যাহা নূতন রাষ্ট্রের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ব্যবস্থার বুনিয়াদ রচনা করে; এবং

যেহেতু জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাজনৈতিক দর্শন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানসহ তাহার শাসনামলে প্রণীত সকল আইনের সহিত ঐতিহাসিকভাবে সম্পৃক্ত; এবং

যেহেতু স্বাধীনতা অর্জনের পর তাহার শাসনামলে রাষ্ট্র ও সরকার পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় আইনি কাঠামো তাহার প্রত্যক্ষ তত্ত্বাবধান ও নির্দেশনায় সৃজিত হইয়াছে; এবং

যেহেতু উক্ত আইনসমূহের ঐতিহাসিক গুরুত্ব অপরিসীম ও চিরন্তন; এবং

যেহেতু Bangladesh Biman Order, 1972 (P.O. No. 126 of 1972) সংশোধনসহ পুনর্বহাল করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন Bangladesh Biman (রহিত Bangladesh Biman Order, 1972 পুনর্বহাল এবং সংশোধন) আইন, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১১ জুলাই, ২০০৭ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **P.O. No. 126 of 1972 এর পুনর্বহাল**।—Bangladesh Biman Corporation Ordinance, 1977 (Ordinance No. XIX of 1977) দ্বারা রহিত Bangladesh Biman Order, 1972 (P.O. No. 126 of 1972) অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, একই সনের একই নম্বরে এমনভাবে পুনর্বহাল হইবে যেন উহা কখনও রহিত হয় নাই।

৩। **P.O. No. 126 of 1972 এ নূতন Article 29 এবং Article 30 এর সংযোজন**।—উক্ত Order এর Article 28 এর পর নিম্নরূপ নূতন Article 29 এবং Article 30 সংযোজিত হইবে, যথা:—

> "29. (1) Notwithstanding anything contained to the contrary in this Order, the Government may, in public interest, convert the Corporation into a public limited company under the Company Act, 1994 (Act No. XVIII of 1994).
>
> (2) The Government may, by agreement, transfer the entire undertaking of the Corporation to the Company referred to in sub-section (1) on such terms and conditions as may be specified in the agreement.

(3) As soon as the Corporation has been converted into a public limited company and undertaking of the Corporation has been transferred to the Company, the Government shall notify the fact in the official Gazette and shall, by the same notification declare that the Corporation has been dissolved.

**Explanation:** The word **"undertaking of the Corporation"** includes its employees, business, projects, schemes, assets, rights, powers, authorities and privileges, movable and immovable properties, reserve funds investments, deposits, borrowings, liabilities and obligations of whatever nature.

(4) The Government may, for the purpose of removing any difficulty in relation to the transfer of the undertaking of the Corporation under sub-section (2) or the dissolution thereof under sub-section (3), make by a notification in the official Gazette, such order as it considers expedient and any such order shall be deemed to be, and given effect to as, part of the provisions of this Order.

30. Notwithstanding anything contained to the contrary in the Company Act, 1994 (Act No. XVIII of 1994), the Government, for efficient performance of the Company converted under sub-section (1) of section 29, shall have power to—

(a) amend the Memorandum of Association and Articles of Association of the Company;

(b) dissolve the Board of Directors of the Company and constitute or reconstitute the Board of Directors; or

(c) take any other measure, as and when necessary." ।

৪। **রহিতকরণ ও হেফাজত**।—(১) Bangladesh Biman Corporation Ordinance, 1977 (Ordinance No. XIX of 1977) এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও উক্ত Ordinance এর অধীন—

(ক) কৃত কোনো কার্য বা গৃহীত কোনো ব্যবস্থা, প্রণীত কোনো বিধি বা প্রবিধান, জারীকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি বা প্রজ্ঞাপন, প্রদত্ত কোনো নোটিশ, প্রস্তুতকৃত বাজেট প্রাক্কলন, স্কিম বা প্রকল্প এই আইন দ্বারা পুনর্বহালকৃত Bangladesh Biman Order, 1972 এর অধীন কৃত, গৃহীত, প্রণীত, জারীকৃত, প্রদত্ত বা প্রস্তুতকৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) কোনো কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে উহা উক্ত Order এর অধীন নিষ্পন্ন হইবে।

## উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

কোনো প্রকার মৌলিক পরিবর্তন না করেই তৎকালীন সামরিক সরকার কর্তৃক Bangladesh Biman Corporation Ordinance, 1977 দ্বারা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে প্রণীত Bangladesh Biman Order, 1972 রহিত করা হয়েছিল। কিন্তু বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে প্রণীত সকল আইন তার রাজনৈতক দর্শন ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের সাথে ঐতিহাসিকভাবে সম্পৃক্ত বিধায় উক্ত আদেশটি পুনর্বহালসহ সংশোধনপূর্বক Bangladesh Biman (রহিত Bangladesh Biman Order, 1972 পুনর্বহাল এবং সংশোধন) আইন, ২০২৩ নামে একটি আইন প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়। আইনটি মহান জাতীয় সংসদে অনুমোদিত হলে সরকারি কোম্পানি হিসাবে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেডের দক্ষ পরিচালনাসহ পরিচালনা পর্ষদ অবলুপ্তকরণ, নতুন পরিচালক নিয়োগ করা, ব্যবস্থাপনা এজেন্সি চুক্তির অবসায়ন এবং সংঘস্মারক বা সংঘবিধি অথবা কোনো সনদ, চুক্তি বা দলিল পরিবর্তন বা সংশোধনের ক্ষেত্রে সরকারের নীতি ও আদর্শের প্রতিফলন নিশ্চিত করা সম্ভব হবে।

**মোঃ মাহবুব আলী**
ভারপ্রাপ্ত প্রতিমন্ত্রী।

---

**কে, এম, আব্দুস সালাম**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.